প্রকাশনার ৭৬ বছর
সংবাদ
রোববার, ০২ আগস্ট ২০২৬

# সাদেকা হালিমসহ ঢাবির ৩ শিক্ষক বরখাস্ত

প্রকাশের তারিখ : ৩০ জুলাই ২০২৬



শ্রেণিকক্ষ ও শ্রেণিকক্ষের বাইরে 'অশিক্ষকসুলভ আচরণ' এবং 'নৈতিক স্খলনজনিত অপরাধের' অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক সাদেকা হালিমকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। ভিন্ন অভিযোগে একই ব্যবস্থা নেওয়া হয়েছে আরও দুই শিক্ষকের বিরুদ্ধে।

মঙ্গলবার (২৮ জুলাই) বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের এক সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়। পরে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বরখাস্ত হওয়া তিন শিক্ষক হলেন- অধ্যাপক সাদেকা হালিম (সমাজবিজ্ঞান বিভাগ, অধ্যাপক মো. শফিকুল ইসলাম (নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগ) ও অধ্যাপক আফরোজা শেলী (নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগ)।

এ ছাড়া আরও চারজন শিক্ষককে বিশ্ববিদ্যালয়ের সব একাডেমিক ও প্রশাসনিক দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। তবে তাদের নাম প্রকাশ করা হয়নি।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, শ্রেণিকক্ষ ও শ্রেণিকক্ষের বাইরে 'অশিক্ষকসুলভ আচরণ' এবং 'নৈতিক স্খলনজনিত অপরাধের' অভিযোগে এসব ব্যবস্থা নেওয়া হয়েছে। তবে সুনির্দিষ্ট কী কী অভিযোগ, তা বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি।

সিন্ডিকেট সভায় এসব সিদ্ধান্ত নেওয়ার পাশাপাশি অভিযুক্ত শিক্ষকদের বিরুদ্ধে যথাযথ তদন্তেরও নির্দেশ দেওয়া হয়েছে বলে জানা গেছে।

প্রকাশনার ৭৬ বছর
সংবাদ

সম্পাদক ও প্রকাশক
আলতামাশ কবির

নির্বাহী সম্পাদক
শাহরিয়ার করিম

প্রধান, ডিজিটাল সংস্করণ
রাশেদ আহমেদ

কপিরাইট © ২০২৬ | সংবাদ | সর্বস্বত্ব সংরক্ষিত